

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ ওয়াক্ফ প্রশাসকের কার্যালয়
৪, নিউ ইন্সটান রোড, ঢাকা-১০০০
www.waqf.gov.bd

স্মারক নং-১৬.০২.০০০০.০৬১.৩১.০০০.০১- ১১০

তারিখ:- ০৫/০৬/২০২৬

বিষয়:- ঠাকুরগাঁও জেলার সদর উপজেলাধীন ইব্রাহিম সরকার ওয়াক্ফ এস্টেটের (ই.সি.নং-৭৭৮ “২য় খন্ড”) অফিসিয়াল মোতওয়াল্লী নিয়োগ প্রসঙ্গে।

সূত্র:- জনাব মো: হুমায়ুন কবির কর্তৃক দাখিলকৃত গত ০৩.১২.২০২৫ ও ২৪.০২.২০২৬ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় সূত্রস্থ আবেদন সমূহের পরিপ্রেক্ষিতে ইব্রাহিম সরকার ওয়াক্ফ এস্টেটটি সুষ্ঠুভাবে পরিচালনা ও মামলা/মোকদ্দমা পরিচালনার স্বার্থে তাঁকে (মো: হুমায়ুন কবির) ০৫.০৩.২০২৬ তারিখ হতে পরবর্তী ০৩ (তিন) বছরের জন্য নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে নির্দেশক্রমে এস্টেটের অফিসিয়াল মোতওয়াল্লী নিযুক্ত করা হলো।

“শর্তাবলী”

- ০১। ওয়াক্ফ অধ্যাদেশ ১৯৬২ ও ওয়াক্ফ সংক্রান্ত অন্যান্য বিধি-বিধান এবং ওয়াক্ফ দলিল অনুসারে ওয়াক্ফ এস্টেট পরিচালনা করতে হবে;
- ০২। ধার্যকৃত ওয়াক্ফ কন্ট্রিবিউশন (০৫%) প্রতি অর্থবছর ৩০ শে জুনের মধ্যে আবশ্যিক ভাবে ওয়াক্ফ প্রশাসক বরাবর কেবল চেকের মাধ্যমে পরিশোধ করতে হবে;
- ০৩। প্রতিবছর ১৫ জুলাই-এর মধ্যে পূর্ববর্তী অর্থ বছরের আয়-ব্যয়ের হিসাব দাখিল করতে হবে;
- ০৪। ওয়াক্ফ এস্টেট পরিচালনায় সকল প্রকার লেনদেন তফসিলি ব্যাংক হিসাবের মাধ্যমে পরিচালনা করতে হবে এবং সকল প্রকার আর্থিক বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- ০৫। ওয়াক্ফ সম্পত্তির মালিকানা স্বত্ব (Record of Rights) বজায় রাখতে হবে এবং এস্টেটের নামের কোন তারতম্য করা যাবে না;
- ০৬। ওয়াক্ফ সংক্রান্ত আইন, বিধি-বিধান এবং ওয়াক্ফ দলিলের পরিপন্থী কোন কাজ করা হলে মোতওয়াল্লী দায়বদ্ধ থাকবে এবং আইন ও বিধি-বিধান মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে;
- ০৭। এস্টেটের বিচারাধীন মামলাসমূহ (যদি থাকে) পরিচালনায় যথাযথভাবে প্রতিদ্বন্দ্বিতা করতে হবে। মামলার অর্জিত ফলাফল সময়ে সময়ে এ কার্যালয়কে অবহিত করতে হবে;
- ০৮। প্রয়োজন মোতাবেক এস্টেটের স্বার্থ সংরক্ষণ ও এস্টেট পরিচালনায় এ কার্যালয়ের পরামর্শ ও সহযোগীতা গ্রহণ করতে হবে;



মোহাম্মদ জহুরুল হক তরফদার
সহকারি প্রশাসক (চ.দা.)
বাংলাদেশ ওয়াক্ফ প্রশাসন।

জনাব মো: হুমায়ুন কবির
অফিসিয়াল মোতওয়াল্লী
ইব্রাহিম সরকার ওয়াক্ফ এস্টেট, ঠাকুরগাঁও।
পিতা-মৃত বীর মুক্তিযোদ্ধা আব্দুল জব্বার
সাং-সেনীহারী সরকার পাড়া, পো:- রুহিয়া,
থানা-রুহিয়া, জেলা-ঠাকুরগাঁও।

স্মারক নং-১৬.০২.০০০০.০৬১.৩১.০০০.০১- ১১০ (১-৪)

তারিখ:- ০৫/০৬/২০২৬

অনুলিপি:-জ্ঞাতার্থে/ কার্যার্থে

- ১। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও ও সভাপতি জেলা ওয়াক্ফ উন্নয়ন কমিটি, ঠাকুরগাঁও।
- ২। ওয়াক্ফ প্রশাসকের ব্যক্তিগত সহকারী (প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। জনাব মো: ফয়সাল আই, সি, টি, শাখা, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৪। জনাব মো: হাফিজুর রহমান, ওয়াক্ফ হিসাব নিরীক্ষক, দক্ষিণ মুন্সীপাড়া সদর, জেলা- দিনাজপুর।



সহকারি প্রশাসক
বাংলাদেশ ওয়াক্ফ প্রশাসন।

